

বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড
দরিদ্র মহিলাদের জন্য সমন্বিত পল্লী কর্মসংস্থান সহায়তা কর্মসূচি
পল্লী ভবন (৬ষ্ঠ তলা)
৫ কাওরান বাজার, ঢাকা-১২১৫
www.iresppw-brdb.gov.bd




স্মারক নং ৪৭.৬২.০০০০.৯৬১.০০.৪০৪.১৩-২৭৫

তারিখঃ ২৪/০৮/২০শ্রিঃ

বিষয়ঃ ব্যাখ্যা তলব।

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, আপনি জনাব নুসরাত নওসিন সুবর্ণা, সহকারী পল্লী উন্নয়ন কর্মকর্তা, ইরেসপো, বিআরডিবি, মেহেন্দীগঞ্জ উপজেলায় কর্মরত আছেন। কর্মসূচির কার্যক্রম পর্যালোচনান্তে দেখা যায় যে, বর্তমানে মেয়াদোত্তীর্ণ খেলাপির পরিমাণ ৩৯.৭৪ লক্ষ টাকা এবং কিস্তি খেলাপির পরিমাণ ৪১.৫৮ লক্ষ টাকা। উপজেলায় বর্তমান ঋণ স্থিতি ১১৯.৪৫ লক্ষ টাকা এর মধ্যে মোট ৮১.৩২ লক্ষ টাকা খেলাপি যা আশংকাজনক এবং কোন ক্রমেই গ্রহণযোগ্য নয়। অতিমাত্রায় খেলাপির জন্য কোভিড-১৯ মহামারী পরিস্থিতিকে দায়ী করছেন। কিন্তু বিগত ফেব্রুয়ারী/২০ শ্রিঃ মাসে কর্মসূচির কার্যক্রম পর্যালোচনায় দেখা যায় তখন মেয়াদোত্তীর্ণ খেলাপী ঋণের পরিমাণ ছিল ১৫.৯২ লক্ষ টাকা এবং কিস্তি খেলাপির পরিমাণ ছিল ৩৯.৮৭ লক্ষ টাকা। এতে প্রতিয়মান হয় কোভিড-১৯ পূর্ববর্তীকাল হতেই আপনার উপজেলায় কিস্তি আদায়ের হার সন্তোষজনক ছিল না। তাছাড়া আপনি নিয়মিত কর্মস্থলে অবস্থান করছেন না, সপ্তাহে মাত্র ০১ দিন অবস্থান করেন; যা বিধি বহির্ভূত। স্বাস্থ্যবিধি মেনে ঋণ কার্যক্রম পরিচালনার জন্য বারংবার নির্দেশনা দেয়া হলেও লক্ষ্যমাত্রা অনুযায়ী কার্যক্রম বাস্তবায়নে আপনার অনাগ্রহ, উদাসীনতা, অদক্ষতার দরুন এমন পরিস্থিতির সৃষ্টি হয়েছে। কর্তব্যকর্মে অবহেলার জন্য কেন আপনার বিরুদ্ধে শাস্তিমূলক ব্যবস্থা গ্রহণ করা হবে না তার সন্তোষজনক ব্যাখ্যা পত্র জারির ০৫ (পাঁচ) কার্যদিবসের মধ্যে যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে হার্ড কপি এবং অগ্রিম কপি প্রকল্পের ই-মেইল ঠিকানায় প্রেরণের জন্য বলা হলো।


মোহাম্মদ রাশেদুল আলম
কর্মসূচি পরিচালক
ফোনঃ ০২-৮১৮০১৪৪

জনাব নুসরাত নওসিন সুবর্ণা
সহকারী পল্লী উন্নয়ন কর্মকর্তা
ইরেসপো, বিআরডিবি, মেহেন্দীগঞ্জ, বরিশাল।

স্মারক নং ৪৭.৬২.০০০০.৯৬১.০০.৪০৪.১৩-২৭৫

তারিখঃ ১০/৮/২০শ্রিঃ

অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো(জ্যেষ্ঠতার ভিত্তিতে নহে)ঃ

১. উপপরিচালক, বিআরডিবি, বরিশাল।
২. মহাপরিচালক মহোদয়ের একান্ত সচিব, বিআরডিবি, ঢাকা।
৩. প্রোগ্রামার (ইরেসপো), বিআরডিবি, ঢাকা (ওয়েব সাইটে প্রকাশের জন্য)।
৪. মনিটরিং কর্মকর্তা (মনিটরিং জোরদারকরণের জন্য বলা হলো)।
৫. উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা, মেহেন্দীগঞ্জ, বরিশাল।
৬. ব্যক্তিগত নথি / গার্ড ফাইল।

নাসিমা আখতার
উপ-প্রকল্প পরিচালক